SEP 24 2002

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## শিক্ষা মন্ত্রণালয়
## জাতীয় শিক্ষা সপ্তাহ ২০০৩ উপলক্ষে শ্রেষ্ঠ শ্রেণী শিক্ষক/শিক্ষিকা, প্রতিষ্ঠান প্রধান ও শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচন সম্পর্কিত বিজ্ঞপ্তি

জাতীয় শিক্ষা সপ্তাহ ২০০৩ উপলক্ষে প্রতিষ্ঠান, উপজেলা, জেলা, বিভাগ ও জাতীয় পর্যায়ে শ্রেষ্ঠ শ্রেণী শিক্ষক/শিক্ষিকা, শ্রেষ্ঠ প্রতিষ্ঠান প্রধান ও শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচন কার্যক্রম আগামী ২৮ সেপ্টেম্বর ২০০২ থেকে শুরু হতে যাচ্ছে। দেশের প্রতিটি মাধ্যমিক স্কুল, কলেজ ও মাদ্রাসা এবং এই সকল প্রতিষ্ঠানের শিক্ষক/শিক্ষিকা, প্রতিষ্ঠান প্রধানগণের স্ব স্ব ক্ষেত্রে অবদানের স্বীকৃতি প্রদানের উদ্দেশ্যেই সরকার এই কর্মসূচি গ্রহণ করেছে। প্রতিটি ক্ষেত্রে যোগ্য, মেধাবী ও শিক্ষা ক্ষেত্রে উল্লেখযোগ্য অবদান রেখেছে এমন প্রতিষ্ঠান, প্রতিষ্ঠান প্রধান ও শ্রেণী শিক্ষক/শিক্ষিকাবৃন্দকে নিরপেক্ষ দৃষ্টিকোণ থেকে নির্বাচনের মাধ্যমে পুরস্কার প্রদানই সরকারের লক্ষ্য। জাতীয় শিক্ষা কার্যক্রমে সকল শিক্ষা প্রতিষ্ঠানের অংশগ্রহণ বাধ্যতামূলক। কোন শিক্ষা প্রতিষ্ঠান জাতীয় শিক্ষা সপ্তাহ কার্যক্রমে অংশগ্রহণ না করলে উপজেলা নির্বাহী কর্মকর্তার প্রতিবেদনের প্রেক্ষিতে ঐ সকল প্রতিষ্ঠানের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে। কাজেই সুষ্ঠু ও সুচারুরূপে শ্রেষ্ঠ শ্রেণী শিক্ষক/শিক্ষিকা, শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান প্রধান ও শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচনের জন্য দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠান, প্রতিষ্ঠান প্রধান ও শিক্ষক/শিক্ষিকাবৃন্দকে কার্যক্রমে অংশগ্রহণ করে কর্মসূচিকে সহযোগিতা করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

<u>উপরিউক্ত বিষয়সমূহে নির্বাচন সম্পর্কিত বিস্তারিত তথ্য নিম্নরূপ ঃ</u>

<u>প্রতিষ্ঠান পর্যায়</u> ঃ প্রতিষ্ঠান পর্যায়ে উক্ত কার্যক্রমে অংশগ্রহণের জন্য প্রতিষ্ঠানের পরিচালনা কমিটি প্রতিষ্ঠানের সকল শিক্ষক/শিক্ষিকার মধ্য থেকে একজন শ্রেষ্ঠ শিক্ষক/শিক্ষিকা নির্বাচন করবেন এবং ঐ শিক্ষক/শিক্ষিকার জীবন বৃত্তান্ত ০৪-১০-২০০২ তারিখের মধ্যে উপজেলা নির্বাহী কর্মকর্তার নিকট প্রেরণ করবেন। প্রতিষ্ঠান কর্তৃক প্রতিষ্ঠান পর্যায়ে নির্বাচিত শিক্ষক/শিক্ষিকাকে কমিটি আনুষ্ঠানিকভাবে পুরস্কার বিতরণ করবেন। তাছাড়া উপজেলা পর্যায়ে শ্রেষ্ঠ প্রতিষ্ঠান প্রধান ও শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচনের জন্য প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান প্রধান ও শিক্ষা প্রতিষ্ঠানের তথ্য ০৪-১০-২০০২ তারিখের মধ্যে উপজেলা নির্বাহী কর্মকর্তার নিকট প্রেরণ করতে হবে।

<u>উপজেলা পর্যায়</u> ঃ উপজেলা পর্যায়ের কার্যক্রম উপলক্ষে শিক্ষা প্রতিষ্ঠান থেকে প্রাপ্ত শ্রেষ্ঠ শ্রেণী শিক্ষক/শিক্ষিকাবৃন্দের মধ্য থেকে নির্ধারিত নীতিমালার ভিত্তিতে স্কুলের ১ জন, মাদ্রাসার ১ জন ও কলেজের ১ জন শ্রেণী শিক্ষক/শিক্ষিকা নির্বাচিত হবে। প্রতিটি উপজেলার প্রতিষ্ঠান প্রধানগণের প্রাপ্ত তথ্য বিবেচনা করে নীতিমালার আলোকে ১ জন কলেজ অধ্যক্ষ/অধ্যক্ষা, ১ জন প্রধান শিক্ষক, ১ জন প্রধান শিক্ষক (মহিলা) ও ১ জন মাদ্রাসা প্রধান নির্বাচন করা হবে। অনুরূপভাবে প্রতিষ্ঠানের প্রাপ্ত তথ্য হতে ১টি বালক বিদ্যালয়, ১ টি বালিকা বিদ্যালয়, ১টি মাদ্রাসা ও ১টি কলেজ নির্বাচন করা হবে। নির্বাচিত শ্রেণী শিক্ষক/শিক্ষিকা, প্রতিষ্ঠান প্রধান ও শিক্ষা প্রতিষ্ঠানকে উপজেলা পর্যায়ে পুরস্কৃত করা হবে।

<u>জেলা পর্যায়</u> ঃ সকল উপজেলার শ্রেষ্ঠ শ্রেণী শিক্ষক/শিক্ষিকা, প্রতিষ্ঠান প্রধান ও শিক্ষা প্রতিষ্ঠানের মধ্য থেকে প্রতিটি জেলায় পুনরায় ৩ জন শ্রেষ্ঠ শ্রেণী শিক্ষক/শিক্ষিকা (১ জন মাধ্যমিক স্কুল পর্যায়ের, ১ জন মাদ্রাসা পর্যায়ের ও ১ জন কলেজ পর্যায়ের), প্রতিষ্ঠানভিত্তিক ১টি বালক বিদ্যালয়, ১টি বালিকা বিদ্যালয়, ১টি মাদ্রাসা ও ১টি কলেজ নির্বাচন করা হবে। অনুরূপভাবে উপজেলা পর্যায়ের শ্রেষ্ঠ প্রতিষ্ঠান প্রধানগণের মধ্য থেকে ১ জন শ্রেষ্ঠ অধ্যক্ষ/অধ্যক্ষা, ১ জন শ্রেষ্ঠ প্রধান শিক্ষক, ১ জন প্রধান শিক্ষক (মহিলা) ও ১ জন মাদ্রাসা প্রধান নির্বাচন করা হবে। জেলা পর্যায়ে নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠান, প্রতিষ্ঠান প্রধান ও শিক্ষক/শিক্ষিকাবৃন্দকে পুরস্কৃত করা হবে।

<u>বিভাগ পর্যায়</u> ঃ জেলা পর্যায়ের নির্বাচিত সকল জেলার প্রতিষ্ঠান প্রধানের মধ্য থেকে বিভাগীয় পর্যায়ে যোগ্যতার নিরিখে শ্রেষ্ঠ প্রতিষ্ঠান প্রধান নির্বাচন করা হবে। জেলার শ্রেষ্ঠ নির্বাচিত প্রতিষ্ঠান প্রধানগণের মধ্য থেকে বিভাগে ১ জন শ্রেষ্ঠ অধ্যক্ষ/অধ্যক্ষা, ১ জন শ্রেষ্ঠ প্রধান শিক্ষক, ১ জন শ্রেষ্ঠ প্রধান শিক্ষক (মহিলা) ও ১ জন মাদ্রাসা প্রধান নির্বাচন করে পুরস্কৃত করা হবে। জেলা পর্যায়ে নির্বাচিত শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান ও শ্রেষ্ঠ শ্রেণী শিক্ষকবৃন্দের মধ্য থেকে বিভাগভিত্তিক নির্বাচন না করে অঞ্চলভিত্তিক নির্বাচন করতে হবে। দেশে শিক্ষা প্রশাসনে বিদ্যমান ৯টি শিক্ষা অঞ্চলের (ঢাকা, ময়মনসিংহ, কুমিল্লা, চট্টগ্রাম, খুলনা, বরিশাল, সিলেট, রাজশাহী ও রংপুর) আওতাভুক্ত জেলাগুলোর মধ্যে প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। প্রতি অঞ্চলে জেলার শ্রেষ্ঠ নির্বাচিত প্রতিষ্ঠান ও শ্রেষ্ঠ শ্রেণী শিক্ষকদের মধ্য থেকে ২টি বালক বিদ্যালয়, ২টি বালিকা বিদ্যালয়, ২টি মাদ্রাসা, ২টি কলেজ, ২ জন কলেজ শিক্ষক, ২ জন মাধ্যমিক বিদ্যালয় শিক্ষক ও ২ জন মাদ্রাসা শিক্ষক মনোনীত করতে হবে। বিভাগ ও অঞ্চল পর্যায়ে সকল ক্যাটাগরিতে নির্বাচিত প্রথম স্থান অধিকারী শিক্ষা প্রতিষ্ঠান, প্রতিষ্ঠান প্রধান ও শ্রেণী শিক্ষককে পুরস্কৃত করা হবে।

<u>জাতীয় পর্যায়</u> ঃ অঞ্চল পর্যায়ে নির্বাচিত শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান ও শিক্ষক/শিক্ষিকাবৃন্দের মধ্য থেকে প্রতি অঞ্চল থেকে ১টি বালক বিদ্যালয়, ১টি বালিকা বিদ্যালয়, ১টি মাদ্রাসা, ১টি কলেজ এবং ১ জন কলেজ শিক্ষক/শিক্ষিকা, ১ জন বিদ্যালয় শিক্ষক/শিক্ষিকা ও ১ জন মাদ্রাসা শিক্ষক/শিক্ষিকাকে জাতীয় পর্যায়ে নির্বাচন করে জাতীয়ভাবে পুরস্কৃত করা হবে। প্রতিষ্ঠান প্রধান হিসাবে বিভাগীয় পর্যায়ের শ্রেষ্ঠগণের মধ্য থেকে জাতীয় পর্যায়ে ১ জন শ্রেষ্ঠ অধ্যক্ষ/অধ্যক্ষা, ১ জন শ্রেষ্ঠ প্রধান শিক্ষক, ১ জন শ্রেষ্ঠ প্রধান শিক্ষক (মহিলা) ও ১ জন শ্রেষ্ঠ মাদ্রাসা প্রধান নির্বাচন করে পুরস্কৃত করা হবে।

<u>ঢাকা মহানগরী</u> ঃ ঢাকা মহানগরীর শিক্ষা প্রতিষ্ঠান, প্রতিষ্ঠান প্রধান ও শ্রেণী শিক্ষকগণ আলাদা একটি বিভাগ হিসাবে প্রতিযোগিতায় অংশগ্রহণ করবেন। ঢাকা মহানগরীর সকল শিক্ষা প্রতিষ্ঠান তাদের প্রতিষ্ঠান পর্যায়ের কর্মসূচি শেষে শ্রেণী শিক্ষক, প্রতিষ্ঠান প্রধান ও প্রতিষ্ঠান সংক্রান্ত তথ্য আগামী ১৫-১০-২০০২ তারিখের মধ্যে মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, আব্দুল গনি রোড, ঢাকা-১০০০-এর নিকট সকল তথ্য প্রেরণ করবেন। ঢাকা মহানগরীর সকল প্রতিষ্ঠানের এই তথ্য মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বরাবরে প্রেরণ বাধ্যতামূলক।

<u>ভোকেশনাল ও পলিটেকনিক ইনস্টিটিউটের জ্ঞাতব্য বিষয়</u> ঃ জাতীয় শিক্ষা সপ্তাহ ২০০৩ উপলক্ষে সমগ্র দেশ থেকে ১ জন করে ভোকেশনাল ও পলিটেকনিক শিক্ষক ও ১ জন পলিটেকনিক প্রতিষ্ঠান প্রধান, ১ জন ভোকেশনাল প্রতিষ্ঠান প্রধান এবং ১টি ভোকেশনাল ইনস্টিটিউট ও ১টি পলিটেকনিক ইনস্টিটিউটকে জাতীয়ভাবে পুরস্কৃত করা হবে। এই জন্য প্রতিটি ভোকেশনাল ও পলিটেকনিক ইনস্টিটিউট নিজ নিজ প্রতিষ্ঠান থেকে ১ জন করে শ্রেষ্ঠ শিক্ষকের নাম, প্রতিষ্ঠান প্রধান ও সকল প্রতিষ্ঠানের তথ্য, মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আব্দুল গনি রোড, ঢাকা-১০০০ ঠিকানায় আগামী ২৫-১০-২০০২ তারিখের মধ্যে প্রেরণ করবে।

বিঃদ্রঃ জাতীয় শিক্ষা সপ্তাহ ২০০৩ এর বিস্তারিত সময়সূচি, শিক্ষা প্রতিষ্ঠান ও শিক্ষক/শিক্ষিকা নির্বাচনের নীতিমালা প্রতিটি জেলা শিক্ষা কর্মকর্তার নিকট হতে প্রতিষ্ঠান প্রধানগণকে সংগ্রহ করতে অনুরোধ করা যাচ্ছে।

ডিএফপি-২২৭৮৮/১৬/০৯-২০০২
যুগান্তর-স-১৭৪৫/২০০২ (১৩´´ × ৩)